

একই স্মারক ও তারিখের বিকল্প বিজ্ঞপ্তি
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/

তারিখঃ-


বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০১/১১/২০১৯ইং তারিখের খুপ্রবি/১৬৬৬(৪০) নং স্মারক মোতাবেক বিশ্ববিদ্যালয়ের আন্তঃহল ফুটবল প্রতিযোগিতাকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক কার্যক্রম স্থগিত ঘোষণা ও ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের জন্য নির্দেশ দেয়া হয়েছিল।

অদ্য ১৪/১১/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত সিডিকেটের ৬৬ তম (জরুরী) সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের সার্বিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের শিক্ষার স্বার্থে এবং শিক্ষা ও গবেষণার পরিবেশ সমুন্নত রাখার লক্ষ্যে আগামী ১৭/১১/২০১৯ইং তারিখ রোজ রবিবার হতে বিশ্ববিদ্যালয়ের পোষ্ট গ্রাজুয়েট এবং ২৪/১১/২০১৯ইং তারিখ রোজ রবিবার হতে আন্ডারগ্রাজুয়েট এর সকল শিক্ষা কার্যক্রম পুনরায় শুরু হবে। এ পরিপ্রেক্ষিতে আগামী ২২/১১/২০১৯ইং তারিখ রোজ শুক্রবার হতে বিশ্ববিদ্যালয়ের সকল হলসমূহ খুলে দেয়া হবে। হলে প্রবেশের সময় হলের সকল রুম তল্লাশী করা হবে, এজন্য সকল শিক্ষার্থীকে হলে প্রবেশের সময় অবশ্যই পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। একইসাথে কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ছাড়া বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার সভা-সমাবেশ ও মিছিল-মিটিং সাময়িকভাবে স্থগিত ঘোষণা করা হলো।

এছাড়াও এ বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার র্যাগিং এর জন্য “জিরো টলারেন্স” বলবৎ থাকবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


১৪/১১/১৯
(জি.এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/১৭৬০/৫০

তারিখ : ১৪/১১/২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। পিএস টু চেয়ারম্যান মহোদয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ৯। নিরাপত্তা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১০। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সংরক্ষণ নথি।


১৪/১১/১৯
(মোঃ তারিক আল হক নজীব)
সেকশন অফিসার (গেড-২)